**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 04.07.2026** **Desk in Charge : K.L. /Susmita M.**

**Time: 1-40 PM** **Edit:- Shuvra C.**

**DEO: KB** **Compile. & NRT : Shuvra C.**

*****************************************************************************

পশ্চিমবঙ্গ বিধানসভা আগামী ১০০ দিনের মধ্যেই সম্পূর্ণ কাগজবিহীন বা 'পেপারলেস' হয়ে উঠবে বলে অধ্যক্ষ রথীন্দ্র বসু জানিয়েছে। নিউটাউন বিধায়কদের দু'দিনের প্রশিক্ষণ কর্মসূচির দ্বিতীয় দিনে তিনি একথা জানান।

( বাইট- রথীন্দ্র বসু )

বিধানসভার মর্যাদা, গণতান্ত্রিক মূল্যবোধ এবং আইন প্রণয়নের প্রক্রিয়া সম্পর্কে বিধায়কদের আরও দক্ষ করে তুলতে প্রশিক্ষণের প্রক্রিয়া ধারাবাহিক ভাবে চলবে। ভবিষ্যতেও ছোট ছোট পরিসরে এই ধরনের প্রশিক্ষণ দেওয়া হবে বলে অধ্যক্ষ জানিয়েছেন। প্রয়োজনে দেশের বিভিন্ন রাজ্যের অধ্যক্ষ বা বিশেষজ্ঞদের আমন্ত্রণ জানানো হবে।

***********************

প্রযুক্তিগত কারণ এবং অন্যান্য জটিলতায়, যেসমস্ত সরকারি অবসরপ্রাপ্ত কর্মচারীদের পেনশন সঠিকভাবে দেওয়া যায়নি, রাজ্য সরকার তাঁদের পেনশন মিটিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। গতকাল 'সংগ্রামী যৌথ মঞ্চে'র প্রতিনিধি দলের সঙ্গে নবান্নে মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা সুব্রত গুপ্ত বৈঠক করেন। সেখানে বকেয়া পেনশন মিটিয়ে দেওয়ার দাবি জানানো হলে রাজ্য সরকার, ২০০৮ থেকে ২০১৫ সাল পর্যন্ত কর্মচারীদের বকেয়া পেনশনের ৫০ শতাংশ, 'অ্যাড হক' ভিত্তিতে দ্রুত মিটিয়ে দেওয়ার আশ্বাস দিয়েছে বলে সংগঠনের আহ্বায়ক ভাস্কর ঘোষ জানিয়েছেন। বাকি অর্থ ধাপে ধাপে মিটিয়ে দেওয়া হবে বলে সুব্রত বাবু তাদের আশ্বাস দেন। এছাড়াও গ্রান্ট ইন এইড-এর আওতায় থাকা কর্মীদের বকেয়া মহার্ঘ ভাতা মেটানো, এজেন্সি প্রথার বিলুপ্তি করা নিয়েও বৈঠকে আলোচনা হয়।

***********************

হাওড়া স্টেশনের ৬৩৫ মিটার লম্বা ২৪ নম্বর প্ল্যাটফর্ম, এমাস থেকেই চালু হচ্ছে। ২'কোটি ৬৯ লক্ষ টকা ব্যয়ে এটি তৈরী করা হয়েছে বলে হাওড়ার DRM বিশাল কাপুর জানিয়েছেন। এছাড়াও, ১০, ১১, ১২ এবং ১৩ নম্বর প্ল্যাটফর্মগুলিকেও, লম্বা দৈর্ঘের ট্রেনের জন্য বাড়ানো হচ্ছে। হাওড়া ডিভিশনের একাধিক স্টেশনে ৪৭ টি ফুট ওভারব্রিজ এবং ৫০ থেকে ৫৫ টির মতো স্বল্প উচ্চতার সাবওয়ে তৈরীর কাজ'ও চলছে। ইতমধ্যে ৮'টি স্টেশনে ১৫ টি লিফ্ট বসানো হয়েছে। এরপরে হাওড়া, তারকেশ্বর, বালি, বর্ধমান, রামপুরহাট সহ বিভিন্ন স্টেশনে লিফ্ট এবং শেওড়াফুলি, চন্দননগর, বর্ধমান, কাটোয়া, আজিমগঞ্জ সহ বেশ কয়েকটি স্টেশনে চলমান সিঁড়ি বসানো হবে বলেও জানান তিনি।

***********************

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনে বরানগর রোড ও দক্ষিণেশ্বর স্টেশনের মাঝে রেল ওভারব্রিজের গার্ডার, উচ্চক্ষমতা সম্পন্ন ক্রেনের সাহায্যে প্রতিস্থাপন করা হবে। এই কারণে আজ মধ্যরাত একটা থেকে আগামীকাল সকাল ১১ টা পর্যন্ত আপ ও ডাউন CCR লাইনে ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এই কারণে আজ ও আগামীকাল কয়েকটি ট্রেন বাতিল করা হয়েছে।

***********************

বিজেপি ও রাজ্যের মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে উস্কানিমূলক বক্তব্য ও কূ-মন্তব্য করার অভিযোগে পুলিশ আজ, 'আম জনতা উন্নয়ন পার্টী'র চেয়ারম্যান হুমায়ুন কবীরকে রেজিনগর থানায় জিজ্ঞাসাবাদ করছে।

গত শুক্রবার ২৬শে জুন রেজিনগরের একটি সভা থেকে হুমায়ুন কবীর বিজেপি ও মুখ্যমন্ত্রীকে উদ্দেশ্য করে বিতর্কিত ও উস্কানিমূলক মন্তব্য করেন। এর আগেও ৮ই মে শক্তিপুরের গড়দুয়ারা মাঠে বিজয় সমাবেশ থেকে একই রকম বক্তব্য রাখেন তিনি । তার ভিডিও'ও পুলিশের হাতে আসার পর, শক্তিপুর ও রেজিনগর থানায় পৃথক স্বতঃপ্রণোদিত মামলা দায়ের হয়।

গত সোমবার বিধানসভায় মুখ্যমন্ত্রী এই ধরনের আচরণ বরদাস্ত করা হবে না বলে হুঁশিয়ারি দেন এবং সভার আয়োজকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথাও বলেন। মুখ্যমন্ত্রীর

বার্তার পরই সোমবার রাতে রেজিনগর থানা এলাকার পুলিশ অভিযান চালিয়ে সভার মূল আয়োজকদের গ্রেপ্তার করে।

***********************

'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি'- IIT খড়গপুরের ৭২তম সমাবর্তন অনুষ্ঠানে আজ মোট ৩'হাজার ৯৩৬ জন পড়ুয়াকে ডিগ্রী প্রদান করা হয়। এঁদের মধ্যে রয়েছেন ৫৩৯ জন PHD, ৩১ জন M.S., ৯০৮জন M. Tec., ১৬৩জন MBA, ৮০১জন ডুয়েল ডিগ্রী, ৬২৮ জন B.Tec. (অনার্স), ৪০জন B. Arc. । প্রতিষ্ঠানের অধিকর্তা অধ্যাপক সুমন চক্রবর্তী জানিয়েছেন, গত বছরের তুলনায় এবার ডিগ্রী পাওয়া মেয়েদের সংখ্যা ১২ শতাংশ বেশি। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার, শিক্ষামন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায়, পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ, স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায়, মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা, এই প্রতিষ্ঠানের প্রাক্তনী ডক্টর সুব্রত গুপ্ত।

***********************

পশ্চিম বর্ধমানের সালানপুর ব্লকের আছড়া গ্রামে একটি তিনতলা বাড়ি ও কাপড়ের দোকানে আগুন লাগায় এক কিশোর সহ তিনজন গুরুতর অগ্নিদগ্ধ হয়েছেন। জানা গেছে, পুজো উপলক্ষ্যে বাড়ির নীচ তলার পোশাকের দোকানে প্রচুর নতুন জামা কাপড় মজুত ছিল। গভীর রাতে হঠাৎই সেখানে আগুন ধরে যায়। ওই বাড়ির বাসিন্দা, ব্যবসায়ী উদয় ঘোষ তাঁর স্ত্রী ও ছেলেকে নিয়ে সেখানে পৌঁছোলে মারাত্মকভাবে জখম হন। তাঁদের প্রথমে পিঠাকিয়ারি গ্রামীণ হাসপাতাল ও পরে আসানসোলের একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে। কীভাবে এই আগুন লাগলো পুলিশ তা খতিয়ে দেখছে।

***********************

বাঁকুড়া ১ নং ব্লকের ভাতুড়ি প্রাথমিক বিদ্যালয়ে মিড-ডে মিলের রান্নাকে কেন্দ্র করে গতকাল তীব্র উত্তেজনার সৃষ্টি হয়। কোন গোষ্ঠী বিদ্যালয়ে মিড-ডে মিলের রান্না করবে তা নিয়েই শুরু হয় অশান্তি। বিবদমান দুটি গোষ্ঠীর সংঘর্ষের জেরে রান্নাঘরে তালা দিয়ে দেওয়া হয়।

স্থানীয় সূত্রে জানা গেছে, বর্তমানে বিদ্যালয়ে তিনটি স্বনির্ভর গোষ্ঠী মিড-ডে মিলের রান্নার দায়িত্ব পালন করছে। কিন্তু গ্রামে নতুন করে আরও স্বনির্ভর গোষ্ঠী তৈরি হওয়ায় মোট

সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৩। নতুন গোষ্ঠীগুলিও রান্নার কাজে সুযোগ দেওয়ার দাবি জানিয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কাছে আবেদন জানায়।এই নিয়ে শুরু হয় উত্তেজনা। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

***********************

স্বামী বিবেকানন্দের ১২৪-তম প্রয়াণ দিবসটি সারা দেশের সঙ্গে এরাজ্যেও সশ্রদ্ধ চিত্তে পালন করা হচ্ছে। ১৯০২ সালের আজকের দিনেই তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বেলুড়ে রামকৃষ্ণ মঠ ও মিশনে আজ দিনটি শ্রদ্ধার সঙ্গে পালন করা হচ্ছে।

***********************

আজ আন্তর্জাতিক সমবায় দিবস। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি উদযাপিত হচ্ছে। আন্তর্জাতিক সমবায় দিবসের এবারের মূল প্রতিপাদ্য -শান্তিপূর্ণ পৃথিবীর জন্য সমবায়। এই উপলক্ষে অর্থনৈতিক, সামাজিক, কৃষিজ উন্নয়নে সমবায়ের গুরুত্বের কথা তুলে ধরা হয়।

উল্লেখ্য, ১৯৯৫ সালে রাষ্ট্রসংঘ জুলাই মাসের প্রথম শনিবার আন্তর্জাতিক সমবায় দিবস হিসেবে ঘোষণা করে।

***************************************************************************